জনাব মো: কামরুজ্জামান, গাড়িচালক, জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তার কার্যালয়, টাংগাইল
এর নামে রুজুকৃত ১৫/২০২১ নং মামলার আদেশ।

অদ্য ধার্য তারিখ। তদন্ত প্রতিবেদন পাওয়া গেছে। অভিযুক্ত কর্মচারী জনাব মো: কামরুজ্জামান গাড়িচালক জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তার কার্যালয়, টাংগাইলকে মানিকগঞ্জ জেলায় বদলি করা হলে ০১/০৫/২০২১ তারিখ টাংগাইল জেলা থেকে তাকে অবমুক্ত করা হয় । ৩১/০৫/২০২১ খ্রি. তারিখ পর্যন্ত তিনি বদলিকৃত কর্মস্থলে যোগদান না করে কর্তৃপক্ষের ন্যায়সংগত আদেশ অমান্য করেছেন। তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধি ২০১৮ এর ৩(খ) ধারামতে অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়। ব্যক্তিগত শুনানী অন্তে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা তদন্ত শেষে অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ৩(খ) ধারামতে কর্তৃপক্ষের ন্যায় সংগত আদেশ অমান্য করার অপরাধ প্রমাণীত হয়েছে বলে প্রতিবেদনে উল্লেখ করেছেন। অভিযুক্ত গাড়িচালক জনাব মো: কামরুজ্জামানকে কর্তৃপক্ষের ন্যায়সংগত আদেশ অমান্য করায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর বিধি ৩(খ) ধারায় অসদাচরণের দায়ে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(২) এর (খ) ধারা মতে লঘুদন্ড হিসেবে দুইটি বার্ষিক বর্ধিত বেতন দুই বছরের জন্য স্থগিত করা হলো।

স্বাক্ষরিত/
৩০/০৯/২০২১
( মোঃ আতিকুল হক )
মহাপরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্ত
(যানবাহন শাখা)
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

স্মারক নং-৫১.০১.০০০০.০০৭.১৮.০০৪.১০- ১৪০,　　　　তারিখ:- ০৬/১০/২০২১ খ্রি.

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো:

১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২। পরিচালক (প্রশাসন), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর , ঢাকা ।
৩। জেলা প্রশাসক, টাংগাইল ।
৪। উপপরিচালক(বাজেট/হিসাব), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর , ঢাকা ।
৫। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ১৬, আব্দুল গণি রোড , ঢাকা ।
৬। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর , ঢাকা । (অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য) ।
৭। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, টাংগাইল ।
৮। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, টাংগাইল ।
৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
১০। জনাব মো: কামরুজ্জামান,গাড়িচালক, জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তার কার্যালয় , টাংগাইল ।

০৩.১০.২০২১
(ড. মো: হাবিব উল্লাহ বাহার )
(উপ-সচিব)
উপপরিচালক (প্রশাসন-২) ।

D:\Desktop\office documents\Dristic Over Time-2011.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
(যানবাহন শাখা)
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

নং- ৫১.০১.০০০০.০০৭.১৮.০০৪.১০. ১৪৪, তারিখ: ০৪/১০/২০২১ খ্রি.

## অফিস আদেশ

যেহেতু, জনাব মো: কামরুজ্জামান, গাড়িচালক, জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তার কার্যালয়, টাঙ্গাইল-কে এ অধিদপ্তরের ২০/০৪/২০২১ তারিখের ৫১.০১.০০০০.০০৭.১৬.১০০.১০.১৩৪৮ নং অফিস আদেশ জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তার কার্যালয়, মানিকগঞ্জে বদলি করা হয়। বদলিকৃত কর্মস্থলে যোগদানের জন্য টাঙ্গাইল জেলার জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা তাঁকে ০১/০৫/২০২১ খ্রি. তারিখে অবমুক্ত করেন। কিন্তু তিনি বদলিকৃত কর্মস্থলে ২৪/০৫/২০২১ তারিখ পর্যন্ত যোগদান করেন নাই। কর্তৃপক্ষের ন্যায়সঙ্গত আদেশ অমান্য করায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) ধারায় অসদাচরণের অভিযোগে ১৫/২০২১ নং বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, উল্লিখিত অভিযোগের কারণে তাঁর বিরুদ্ধে অভিযোগনামা গঠন করে অধিদপ্তর হতে গত ১৫/০৭/২০২১ খ্রি. তারিখে ৫১.০১.০০০০.০০৭.১৮.০০৪.১০.০৯ নং স্মারকে অভিযোগ বিবরণীসহ তাঁর বরাবরে প্রেরণ করা হয়। তিনি গত ০১/০৮/২০২১ খ্রি. তারিখে অভিযোগনামার জবাব দাখিল করেন। অভিযোগের বিষয়ে আরও তথ্য অনুসন্ধানের জন্য এ অধিদপ্তরের পরিচালক (কাবিখা) জনাব অঞ্জন চন্দ্র পাল (উপসচিব)-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা তদন্ত করে গত ২৩/০৯/২০২১ খ্রি. তারিখে ৫১.০১.০০০০.০৯.০২৫.০১.২১.০৭ নং স্মারকে তদন্ত প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে উল্লেখ করেন যে, তিনি উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ অমান্য করেছেন। অভিযুক্ত গাড়িচালক জনাব মো: কামরুজ্জামানকে কর্তৃপক্ষের ন্যায়সঙ্গত আদেশ অমান্য করায় সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর বিধি ৩(খ) ধারায় দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(২) এর (খ) ধারা মতে লঘুদন্ড হিসেবে দুইটি বার্ষিক বর্ধিত বেতন দুই বছরের জন্য স্থগিত করে তাঁর বিরুদ্ধে রুজুকৃত১৫/২০২১ নং বিভাগীয় মামলাটি নিস্পত্তির আদেশ দেয়া হয়েছে;

সেহেতু, জনাব মো: কামরুজ্জামান, গাড়িচালক, জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তার কার্যালয়, টাঙ্গাইল এর বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ৩ এর (খ) অনুযায়ী অসদাচরণের দায়ে দোষী সাব্যস্ত করে লঘু দন্ড হিসেবে একই বিধির ৪ এর ২ এর (খ) ধারামতে দুইটি বার্ষিক বর্ধিত বেতন দুই বছরের জন্য স্থগিত করে তাঁর বিরুদ্ধে রুজুকৃত ১৫/২০২১ নং বিভাগীয় মামলাটি নিস্পত্তি করা হলো। এ আদেশ ৩০/০৯/২০২১ খ্রি. তারিখ হতে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
( ড. মো: হাবিব উল্লাহ্ বাহার )
(উপসচিব)
উপপরিচালক (প্রশাসন-২)
ফোন ০২-২২২২৮৬০১৭

স্মারক নং- ৫১.০১.০০০০.০০৭.১৮.০০৪.১০. ১৪৪, তারিখ: ০৪/১০/২০২১ খ্রি.

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ**

১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণারয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
৩। উপপরিচালক(বাজেট/হিসাব), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
৪। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, খাদ্য এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ১৬ আ. গণি রোড, ঢাকা।
৫। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা। (অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, টাঙ্গাইল।
৭। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসরা, টাঙ্গাইল।
৮। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
৯। পরিচালক (প্রশাসন) এর ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর। পরিচালক (প্রশাসন) মহোদয়ের সদয় অবগতির জন্য।
১০। জনাব মো: কামরুজ্জামান, গাড়িচালক, জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তার কার্যালয়, টাঙ্গাইল।

০৪.১০.২০২১
( ড. মো: হাবিব উল্লাহ্ বাহার )
(উপসচিব)
উপপরিচালক (প্রশাসন-২)

E:\Desktop\office documents\Show Cause-2011.doc